মুজিবনগরে গুডনেইবারর্স এর উদ্যোগে বিশ্ব শিশু দিবস পালন

প্রতিটি শিশুর জন্য বিশ্ব শিশু দিবসে চাই সমতা এবং অন্তর্ভুক্তি, চাই বিশ্বের জন্য ভাল পরিবর্তন এই প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগরে গুডনেইবারর্স এর উদ্যোগে র্যালী, আলোচনা সভা ও কুইজ প্রতিযোগিতার মধ্য দিয়ে পালন করা হয়েছে বিশ্ব শিশু দিবস।

দিবসটি উপলক্ষে রবিবার বিকেলে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস চত্বরে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানের শুরুতেই বিশ্ব শিশু দিবস উপলক্ষে অফিস চত্বর থেকে বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি সড়ক প্রদক্ষিণ শেষে একই জায়গায় এসে শেষ হয়। পরে সেখানে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সিডিপি ম্যানেজার বিভব দেওয়ানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক, সিডিপি এর এডমিন অফিসার লরেন্স ঢালী, সিডিপির সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদ,সিডিপি এর মেডিক্যাল অফিসার ডাক্তার ইয়াসিন আল বাশার,সিডিপির সদস্য ও সমবায় সমিতির চেয়ারম্যান রেহেনা খাতুন। অনুষ্ঠানের শুরুতেই বিশ্ব শিশু দিবসের তাৎপর্য তুলে ধরে স্বাগত বক্তব্য প্রদান করেন সিনিয়র এডমিন অফিসার লরেন্স ঢালী।দিবসটির উপলক্ষে আলোচনা সভায় বক্তারা এই দিনের উদ্দেশ্য এবং ইতিহাস। শিশুশ্রম এবং বাল্য বিবাহ কি।শিশুশ্রম ও বাল্যবিবাহ প্রতিরোধে গুডনেইবারর্স এর কার্যক্রম।শিশুশ্রম ও বাল্যবিবাহ প্রতিরোধে সরকারের পদক্ষেপ সম্পর্কে আলোচনা করেন।

অনুষ্ঠানের শেষে উপস্থিত শিশু ও তাদের অভিভাবকদের মাঝে উন্মূক্ত আলোচনা এবং কুইজ প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়। বিশ্ব শিশু দিবসের অনুষ্ঠানে ১২০ জন শিশু অংশগ্রহন করে।